

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(কাস্টমস ও মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ : ২২ জ্যৈষ্ঠ, ১৪২১ বঙ্গাব্দ/ ০৫ জুন, ২০১৪ খ্রিস্টাব্দ।

এস,আর,ও নং- ১২১-আইন/২০১৪/২৪৮৫/কাস্টমস।— মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪(১) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, এই বিভাগের ২৮ জ্যৈষ্ঠ, ১৪১৬ বঙ্গাব্দ মোতাবেক ১১ জুন, ২০০৯ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ১৩৯-আইন/২০০৯/২২৪২/শুল্ক বাতিল করিয়া, Customs Act, 1969 (IV of 1969) এর First Schedule এর কলাম (1) এর Heading No 87.03 এর বিপরীতে কলাম (2) এ উল্লিখিত H.S.Code 8703.90.30 এর আওতাধীন অনূর্ধ্ব ২৫০০ সিলিভার ক্যাপাসিটি (সিসি) ক্ষমতা সম্পন্ন Hybrid motor cars, CBU কে আমদানির ক্ষেত্রে উহার উপর আরোপনীয় সম্পূরক শুল্ক, যেই পরিমাণে মূল্যভিত্তিক ৬০% (ষাট শতাংশ) এর অতিরিক্ত হয়, সেই পরিমাণ, নিম্নবর্ণিত শর্তে, অব্যাহতি প্রদান করিল, যথাঃ—

শর্ত

- (ক) চেসিস বুক তৈরী সালে এবং পরবর্তী বৎসরের ৩১ ডিসেম্বরের মধ্যে আমদানি করা অব্যবহৃত নতুন Hybrid motor car এর ক্ষেত্রে এই সুবিধা প্রযোজ্য হইবে, তবে পুরাতন, ব্যবহৃত বা রি-কন্ডিশন গাড়ির ক্ষেত্রে এই সুবিধা প্রযোজ্য হইবে না ;
- (খ) আমদানিকৃত মোটর কার দুই বা ততোধিক শক্তির উৎস সমন্বিতভাবে কাজে লাগাইয়া পরিচালনায় সক্ষম Hybrid motor car হইতে হইবে;
- (গ) শর্ত (খ) তে উল্লিখিত যোগ্যতার সমর্থনে আমদানিকৃত Hybrid motor car এর প্রস্তুতকারক প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত সনদপত্র গাড়ি খালাসের সময় সংশ্লিষ্ট শুল্ক কমিশনার এর নিকট দাখিল করিতে হইবে;
- (ঘ) আমদানিকারকের নিজস্ব ব্যাটারি চার্জিং সুবিধা থাকিতে হইবে;
- (ঙ) Hybrid motor car আমদানির ক্ষেত্রে প্রস্তুতকারক প্রতিষ্ঠান কর্তৃক আমদানিকারক বরাবর সরাসরি ইস্যুকৃত/প্রত্যায়িত মূল ইনভয়েস দাখিল করিতে হইবে;

- (চ) ২৫০০ সিসির অধিক ইঞ্জিন ক্ষমতার Hybrid motor car আমদানির ক্ষেত্রে স্বাভাবিক হারে শুল্ক-কর প্রযোজ্য হইবে; এবং
- (ছ) শুল্কায়নের পূর্বে আমদানিকৃত মোটর গাড়ি Hybrid কিনা তা “পরিশিষ্ট-ক” এর অধীন গঠিত কমিটি, অতঃপর কমিটি বলিয়া উল্লিখিত, কর্তৃক সরেজমিনে পরিদর্শনপূর্বক “পরিশিষ্ট-খ” মোতাবেক একটি প্রত্যয়নপত্র শুল্ক কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে এবং পরিদর্শন সম্পর্কিত যাবতীয় ব্যয় সংশ্লিষ্ট আমদানিকারককে বহন করিতে হইবে।

“পরিশিষ্ট-ক”  
কমিটি গঠন  
[শর্ত (ছ) দ্রষ্টব্য]

কমিটি গঠন।- নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে কমিটি গঠিত হইবে, যথাঃ-

- (ক) সংশ্লিষ্ট কাস্টম হাউসের কমিশনার কর্তৃক মনোনীত এডিশনাল কমিশনার/জয়েন্ট কমিশনার, যিনি উহার আহ্বায়কও হইবেন;
- (খ) বাংলাদেশ প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় অথবা চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় অথবা খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের যন্ত্রকৌশল বিভাগের বিভাগীয় প্রধান কর্তৃক মনোনীত একজন শিক্ষক, যিনি উহার সদস্য হইবেন;
- (গ) বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি (বিআরটিএ) এর সহকারী পরিচালক পদ মর্যাদার নিম্নে নহেন এমন একজন কর্মকর্তা, যিনি উহার সদস্য হইবেন; এবং
- (ঘ) সংশ্লিষ্ট শুল্কায়ন শাখার তত্ত্বাবধানকারী ডেপুটি/এ্যাসিস্ট্যান্ট কমিশনার, যিনি উহার সদস্য সচিব হইবেন।

“পরিশিষ্ট-খ”

কমিটির প্রতিবেদন  
[শর্ত (ছ) দ্রষ্টব্য]

আমি/আমরা নিম্নস্বাক্ষরকারীগণ এই মর্মে প্রত্যয়ন করিতেছি যে, আমদানিকারক মেসার্স  
..... (নাম ও পূর্ণ ঠিকানা) মূল্যক নিবন্ধন নং.....  
এলসি/আইপি নং ..... তারিখ ..... ইনভয়েস নং.....তারিখ  
..... শুল্ক ভবন/স্টেশন এর বিল অব এন্ট্রি নং .....  
তারিখ ..... এর মাধ্যমে আমদানিকৃত মোটর গাড়ি যাহার মডেল নং .....,  
চেসিস নং ..... ইঞ্জিন নং ..... বিগত/অদ্য .....  
তারিখে সরেজমিনে পরিদর্শন করিয়া জাতীয় রাজস্ব বোর্ডের প্রজ্ঞাপন নং .....-  
আইন/২০১৪/...../কাস্টমস, তারিখ ..... জুন, ২০১৪ খ্রিস্টাব্দ মোতাবেক Hybrid motor  
car/Hybrid motor car নয়।

স্বাক্ষর :

নাম :

পদবী :

তারিখ :

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোঃ গোলাম হোসেন)

সচিব।